

THINK YOU CAN HANDLE **WOKE AF**
 WARNING - HIGH STIM PRE WORKOUT **CLICK HERE**

শিল্প বাণিজ্য

ডিআইইউতে গার্মেন্টস শিল্পের সফটওয়্যার নিয়ে সেমিনার অনুষ্ঠিত

১৯:০৭:০০ মিনিট, জুলাই ২০, ২০১৮

Save to Facebook



0 Shares



ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টার (সিডিসি) ও রোমানিয়ার প্রযুক্তি প্রতিষ্ঠান টাইম এসএসডি'র যৌথ আয়োজনে সম্প্রতি গার্মেন্টস শিল্পে ব্যবহার উপযোগী সফটওয়্যার 'টাইম এসএসডি ও জিপিডি' নিয়ে এক আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মাহবুব উল হক মজুমদার। সেমিনার পরিচালনা করেন টাইম এসএসডি'র ব্যবস্থাপনা পরিচালক লাজলো এসজাবো ও শিল্প প্রকৌশল পরামর্শক বেলা মার্শি।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন ডিআইইউ সিডিসির পরিচালক আবু তাহের খান, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক আব্দুল্লাহ আল মামুন ও মোহাম্মদ আবুল বাসেত, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক মান্নান বিনতে তাজ নূর ও মো. হাবিবুর রহমান, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রভাষক শেখ আবুজার ও ফয়সাল চৌধুরী, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টারের সহকারী পরিচালক মো. শামসুদ দোহা প্রমুখ। —বিজ্ঞপ্তি

